**Accessibility.** Inclusive of full participation by people with disabilities. An experience that can be enjoyed by all people.

**অ্যাক্সেসযোগ্যতা।** প্রতিবন্ধী ব্যক্তিদের সম্পূর্ণ অংশগ্রহণ যোগ্যতা। এমন অভিজ্ঞতার সকলেই উপভোগ যোগ্য।

**Accessible Dispatch.** A TLC program that dispatches yellow and green accessible taxis on trips that start in any destination in New York City.

**অ্যাক্সেসযোগ্য ডেসপ্যাচ।** একটি টিএলসি কার্যক্রম যা New York City (নিউ ইয়র্ক শহর) থেকে শুরু হওয়া ট্রিপের জন্য হলুদ এবং সবুজ রঙের অ্যাক্সেসযোগ্য ট্যাক্সিগুলি ডেসপ্যাচ করে।

**Accessible medallion.** A medallion that can only be used with an accessible taxi.

**অ্যাক্সেসযোগ্য মেডালিয়ন।** এমন একটি মেডালিয়ন যা শুধুমাত্র অ্যাক্সেসযোগ্য ট্যাক্সির জন্যই ব্যবহার করা যেতে পারে।

**Accessible street hail livery.** A street hail livery that is designed to transport people who use wheelchairs.

**রাস্তায় হাত নেড়ে ডাকা অ্যাক্সেসযোগ্য লিভারি।** রাস্তায় হাত নেড়ে ডাকা লিভারি যা হুইলচেয়ার ব্যবহারকারীদের পরিবহনের জন্য প্রস্তুত করা হয়েছে।

**Accessible vehicle.** A vehicle that can transport people who use wheelchairs.

**অ্যাক্সেসযোগ্য গাড়ি।** হুইলচেয়ার ব্যবহারকারীদের পরিবহন করতে পারে এমন একটি গাড়ি।

**Address.** The numbers and words that give the location of a building or place.

**ঠিকানা।** কোনও বিল্ডিং বা স্থানের অবস্থান নির্দেশকারী সংখ্যা এবং শব্দাবলি।

**Adjudication.** The formal process for deciding who is right in a case, argument, or dispute. If it involves TLC rules or regulations, adjudication is usually done in the Office of Administrative Trials and Hearings (OATH).

**বিচার।** মামলা, বিতর্ক বা বিবাদে কে সঠিক সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার আনুষ্ঠানিক প্রক্রিয়া। যদি টিএলসির নিয়ম বা প্রবিধান অন্তর্ভুক্ত হয়,তাহলে বিচার সাধারণত প্রশাসনিক বিচার ও শুনানি দপ্তর (Office of Administrative Trials and Hearings, OATH)-এ সম্পন্ন করা হয়ে থাকে।

**Affiliation.** A business arrangement where a TLC-licensed vehicle is associated with a TLC-licensed base. The class of TLC-licensed vehicle also indicates what type of base it can work with.

**সংযুক্তিকরণ।** একটি ব্যবসায়িক প্রক্রিয়া যেখানে টিএলসি-লাইসেন্সপ্রাপ্ত গাড়ি টিএলসি-লাইসেন্সপ্রাপ্ত বেসের সাথে সংযুক্ত। এছাড়াও টিএলসি-লাইসেন্সপ্রাপ্ত গাড়ির শ্রেণি নির্দেশ করে যে এটি কোন ধরনের বেসের সাথে কাজ করতে পারে।

**Affirmative Defense.** A driver states that they committed a violation of TLC rules, but the conduct was allowed in that instance. For instance, they had to use a cell phone to report an emergency and could not safely stop before making that report.

**ইতিবাচক আত্মপক্ষ সমর্থন।** কোনও চালক বলেছেন যে তিনি টিএলসি-এর নিয়ম লঙঘন করেছেন তবে সেই পরিস্থিতিতে লঙঘনের অনুমতি দেওয়া হয়েছিল। উদাহরণস্বরূপ, জরুরি অবস্থার রিপোর্ট করার জন্য তাদের সেল ফোন ব্যবহার করতে হয়েছিল এবং সেই রিপোর্ট করার আগে সে নিরাপদে থামাতে পারেনি।

**Agent.** A TLC-licensed business entity that operates or helps to operate one or more taxis for their owner.

**এজেন্ট।** টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত একটি ব্যবসায়িক সত্তা যা তাদের মালিকের এক বা একাধিক ট্যাক্সি পরিচালনা করে বা পরিচালনা করতে সহায়তা করে।

**Americans with Disabilities Act (ADA).** Federal civil rights legislation signed into law in 1990 to address discrimination based on disability in transportation, employment, public accommodations, telecommunications, and state and local government services.

**আমেরিকানস উইথ ডিসেবিলিটিজ অ্যাক্ট (ADA)।** পরিবহন, কর্মসংস্থান, জনসাধারণের বাসস্থান, টেলিযোগাযোগ এবং স্টেট ও স্থানীয় সরকারি পরিষেবাগুলিতে প্রতিবন্ধিতার উপর ভিত্তি করে বৈষম্য মোকাবেলার জন্য ফেডারেল নাগরিক অধিকার আইন 1990 সালে আইনে স্বাক্ষরিত হয়েছে।

**American Sign Language (ASL).** A complete language that uses signs made by hand movements, facial expressions, and body posture. It is used by many people in North America who are deaf or hard of hearing as a primary means of communication.

**আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)।** একটি পরিপূর্ণ ভাষা যা হাতের নড়াচড়া, মুখের অভিব্যক্তি এবং শারীরিক ভঙ্গিমায় তৈরি সংকেত ব্যবহার করে। উত্তর আমেরিকার বধির বা শ্রবণ শক্তি সংক্রান্ত সমস্যায় আক্রান্ত এমন অনেক লোক যোগাযোগের প্রাথমিক মাধ্যম হিসেবে এটি ব্যবহার করেন।

**App.** An abbreviation for application. An app is a smartphone, tablet, or computer software that performs a special task. Apps can be used on a portable electronic device, as well as a desktop computer.

**অ্যাপ।** অ্যাপ্লিকেশন শব্দের একটি সংক্ষিপ্ত নাম। অ্যাপ মানে হলো স্মার্টফোন, ট্যাবলেট বা কম্পিউটার সফ্টওয়্যার যেগুলো কোনও বিশেষ কাজ সম্পন্ন করে। অ্যাপগুলি একটি পোর্টেবল ইলেকট্রনিক ডিভাইসের পাশাপাশি ডেস্কটপ কম্পিউটারেও ব্যবহার করা যেতে পারে।

**Appearance.** Relating to TLC, this means going in front of a judge or going to court.

**উপস্থিতি।** টিএলসি অনুযায়ী, এর মানে হলো বিচারকের সামনে বা আদালতে উপস্থিত হওয়া।

**Applicant.** A person or business who seeks a license or authorization from the TLC. They may also need an action, such as a transfer, that requires TLC approval.

**আবেদনকারী।** একজন ব্যক্তি বা কোনও ব্যবসা যিনি/যেটি টিএলসি থেকে লাইসেন্স বা অনুমোদন চান। এছাড়াও তাদের অন্য কোনও পদক্ষেপেরও প্রয়োজন হতে পারে, যেমন- স্থানান্তর, যার জন্য টিএলসি-এর অনুমোদনের প্রয়োজন।

**Attendant.** A person who helps or provides care for a person with a disability or health care need, whether temporary or permanent.

**পরিচারক।** এমন একজন ব্যক্তি যিনি অস্থায়ী বা স্থায়ী যাই হোক না কেন, তিনি একজন প্রতিবন্ধী বা স্বাস্থ্যসেবা প্রয়োজন এমন কাউকে সাহায্য বা সেবাদান করেন।

**Back seat.** The seat in the back of the vehicle, where passengers usually sit.

**পিছনের সিট।** গাড়ির পিছনের সিট, সাধারণত যেখানে যাত্রীরা বসেন।

**Base.** A TLC-licensed business that dispatches a particular class of TLC-licensed vehicles to work for-hire. There are different kinds of bases, such as black car bases, livery bases, high-volume for-hire vehicle bases, and luxury limousine bases.

**বেস।** টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত এমন কোনও ব্যবসা, যারা ভাড়ায় কাজ করার জন্য টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত একটি নির্দিষ্ট শ্রেণির গাড়ি ডেসপ্যাচ করে। বিভিন্ন ধরনের বেস রয়েছে, যেমন- ব্ল্যাক কার বেস, লিভারি বেস, উচ্চ (হাই-ভলিউম) ভাড়ার গাড়ির বেস এবং বিলাসবহুল লিমুজিন বেস।

**Battery Electric Vehicle Taxi Pilot.** A pilot program that increases the number of electric vehicle option for Taxi Owners.

**ব্যাটারি চালিত বৈদ্যুতিক গাড়ির ট্যাক্সি পাইলট।** ট্যাক্সি মালিকদের জন্য বৈদ্যুতিক গাড়ির বিকল্পের সংখ্যা বাড়ানোর একটি পাইলট প্রোগ্রাম।

**Board of Commissioners.** The TLC's Commission Board has nine members. One Commissioner is salaried, is the head of the TLC, and presides over regularly scheduled public meetings. Eight Commissioners do not receive a salary and are appointed by the Mayor with the consent of the City Council, including a Commissioner for each borough.

**কমিশনার বোর্ড।** টিএলসি-এর কমিশন বোর্ডে নয় জন সদস্য রয়েছে। একজন কমিশনার বেতনভুক্ত, তিনি টিএলসি-এর প্রধান এবং নির্ধারিত নিয়মিত জনসভাগুলিতে সভাপতিত্ব করে থাকেন। আটজন কমিশনার বেতন পান না এবং সিটি কাউন্সিলের সম্মতিতে মেয়র কর্তৃক নিযুক্ত হন, যার মধ্যে প্রতিটি বোরোর জন্য একজন কমিশনারও রয়েছেন।

**Black car.** A vehicle that can affiliate and work for a black car base or a high-volume for-hire service.

**ব্ল্যাক কার।** এমন গাড়ি যা ব্ল্যাক কার বেস বা উচ্চ ভাড়ায় পরিষেবা প্রদানের জন্য অনুমোদিত এবং কাজ করতে পারে।

**Black car base.** A TLC-licensed business that dispatches black car vehicles on a pre-arranged basis. All the vehicles are owned by base franchisees, or are members of a cooperative that own the base. Less than 10 percent of payments from passengers is in direct cash.

**ব্ল্যাক কার বেস।** টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত একটি ব্যবসা যা প্রাক-ব্যবস্থার ভিত্তিতে ব্ল্যাক কার গাড়ি ডেসপ্যাচ করে। সকল গাড়ি হোল বেস ফ্র্যাঞ্চাইজির মালিকানাধীন বা বেসটির মালিক একটি কো-অপের সদস্য। যাত্রীদের কাছ থেকে 10 শতাংশেরও কম অর্থ সরাসরি নগদে নেওয়া হয়।

**Black Car Fund.** A compensation fund for black car drivers who are injured on the job that was created by New York State law in 1999.

**ব্ল্যাক কার ফান্ড।** 1999 সালে New York State (নিউ ইয়র্ক স্টেট) আইন কর্তৃক তৈরি করা কর্মরত অবস্থায় আহত হওয়া ব্ল্যাক কার চালকদের জন্য একটি ক্ষতিপূরণের তহবিল।

**Bike box.** An area at an intersection before the crosswalk that is only for cyclists. Bike boxes help drivers see cyclists more clearly, and they give cyclists a better position to complete a turn.

**বাইক বক্স।** পথচারী পারাপারের জায়গার আগে কোনও ইন্টারসেকশনের এমন একটি জায়গা যা শুধুমাত্র সাইকেল চালকদের জন্য। বাইক বক্সগুলি সাইকেল আরোহীদের আরও স্পষ্টভাবে দেখতে চালকদের সাহায্য করে এবং তারা সাইকেল আরোহীদের টার্ন সম্পূর্ণ করার জন্য আরও পর্যাপ্ত জায়গা ছেড়ে দেয়।

**Bike (bicycle) lane.** A conventional bike lane is a traffic lane painted onto the road way for bicyclists to use. When bike lanes do not have physical separation, some drivers will block bike lanes, especially in areas where double parking or other illegal parking is common. Protected bike lanes and grade-separated bike lanes have the greatest safety benefits for cyclists, using a physical separation such as floating parking, a curb, raised median, or other vertical elements to separate cyclists from motor vehicle traffic.

**বাইক (বাইসাইকেল) লেন।** প্রচলিত বাইক লেন হল একটি ট্রাফিক লেন যা সাইকেল আরোহীদের ব্যবহারের জন্য রাস্তার উপর আঁকা থাকে। যখন বাইক লেনগুলি অবস্থানগতভাবে আলাদা করা থাকে না, তখন কিছু চালক বাইকের লেনগুলিকে ব্লক করে দেয়, বিশেষত এমন এলাকায় যেখানে ডবল পার্কিং বা অন্যান্য অবৈধ পার্কিং সাধারণত হয়ে থাকে। সুরক্ষিত বাইক লেন এবং গ্রেড-সেপারেটেড বাইক লেনগুলিতে সাইকেল আরোহীদের জন্য সবচেয়ে বেশি নিরাপত্তা সুবিধা রয়েছে, ফ্লোটিং পার্কিং, কার্ব, উত্থাপিত মেডিয়ান বা অন্যান্য উঁচ্চউপাদানগুলির মতো অবস্থানগতভাবে আলাদা করা লেনগুলি মোটর গাড়ির ট্রাফিক থেকে সাইকেল চালকদের আলাদা করতে ব্যবহারকরা হয়।

**Broker.** A person or business licensed by the TLC to negotiate the transfer of any medallion, including any interest in a medallion, or a loan to be secured by a medallion or taxi.

**দালাল।** টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত কোনও উৎসাহিত ব্যক্তি বা ব্যবসা যারা/যেটি যেকোনও মেডালিয়ন হস্তান্তরের ব্যাপারে আলোচনা করে, যার মধ্যে মেডালিয়নের সুদ বা মেডালিয়ন বা ট্যাক্সি কর্তৃক সুরক্ষিত ঋণ অন্তর্ভুক্ত।

**Brokerage.** The business of operating as a TLC-licensed broker, and transferring medallion interests and loans.

**দালালি।** টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত দালাল হিসেবে কাজ করা এবং মেডালিয়নের সুদ এবং ঋণ স্থানান্তরের ব্যবসা করা।

**Bus.** A large vehicle that carries many passengers along a fixed route during certain hours. In New York City, there are public local and express MTA buses, as well as private shuttle buses, double-decker buses, and charter buses.

**বাস।** নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট পথে অনেক যাত্রী বহন করা একটি বড় গাড়ি। New York City (নিউ ইয়র্ক সিটি)-তে, পাবলিক লোকাল এবং এক্সপ্রেস MTA বাসের পাশাপাশি ব্যক্তিগত শাটল বাস, ডাবল-ডেকার বাস এবং চার্টার বাস রয়েছে।

**Bus lane.** Travel lanes restricted to public buses during certain times of the day. Bus lanes can be curbside, and parking and standing at the curb is not permitted when the bus lane is in effect. Offset bus lanes are one lane away from the curb. Parking or standing at the curb is still possible. Stopping of any kind, including double-parking, is not allowed in an offset bus lane. Vehicles can make a right turn in a bus lane unless otherwise restricted.

**বাস লেন।** দিনের নির্দিষ্ট সময়ে পাবলিক বাসের জন্য ট্রাভেল লেনগুলি সীমাবদ্ধ। বাস লেনগুলি কার্বসাইড হতে পারে এবং বাস লেন চালু থাকাবস্থায় কার্বে পার্কিং এবং দাঁড়ানো অনুমোদিত নয়। অফসেট বাস লেনগুলি কার্ব থেকে এক লেন দূরে অবস্থিত। পার্কিং বা কার্বে দাঁড়ানো তখন সম্ভব। অফসেট বাস লেনে ডাবল-পার্কিং সহ যেকোনও ধরনের থামানো অনুমোদিত নয়। অন্য কোনও কারণে সীমাবদ্ধ না থাকলে গাড়িগুলি বাস লেনে ডানদিকে মোড় নিতে পারে।

**Car seat.** A special vehicle seat for babies and small children that keeps them same. The car seat can be attached to a vehicle’s seat and removed.

**কার সিট।** বাচ্চা এবং শিশুদের জন্য একটি বিশেষ গাড়ির আসন যা তাদের গাড়িতে সুরক্ষিত রাখে। কার সিটটি গাড়ির সিটের সাথে সংযুক্ত করা যেতে পারে এবং অপসারণ করা যেতে পারে।

**Caregiver.** A person who provides direct care to people with disabilities and others. This is different than a caretaker, who takes care of property.

**কেয়ারগিভার।** প্রতিবন্ধী এবং অন্যান্যদের সরাসরি যত্ন প্রদানকারী ব্যক্তি। সম্পত্তি দেখাশোনাকারী তত্ত্বাবধায়কের থেকেইনি আলাদা ব্যক্তি।

**Chairperson.** The head of the New York City Taxi and Limousine Commission.

**চেয়ারপারসন।** New York City (নিউ ইয়র্ক সিটি)-এর ট্যাক্সি ও লিমুজিন কমিশনের প্রধান।

**Chauffeur.** A person employed to drive a vehicle. In New York State, they must have a valid Class A, B, C, or E driver’s license.

**শোফার।** কোনও গাড়ি চালানোর জন্য নিয়োগপ্রাপ্ত ব্যক্তি। New York State (নিউ ইয়র্ক স্টেট)-এ, তাদের অবশ্যই একটি বৈধ ক্লাস A, B, C বা E ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

**Chauffeur’s License or DMV Class E License.** A license to drive a vehicle for-hire, for up to 14 passengers. In New York State, a chauffeur’s license is a Class E driver’s license from the Department of Motor Vehicles.

**শোফারের লাইসেন্স বা DMV ক্লাস E লাইসেন্স।** 14 জন পর্যন্ত যাত্রী নিয়ে ভাড়ার গাড়ি চালানোর লাইসেন্স। New York State (নিউ ইয়র্ক স্টেট)-এ, শোফার লাইসেন্স হল মোটর গাড়ি বিভাগ (Department of Motor Vehicles)-এর একটি ক্লাস E ড্রাইভিং লাইসেন্স।

**Chronic illness.** A health condition that lasts three months or longer. Some illnesses, such as multiple sclerosis or diabetes, are lifelong conditions.

**দীর্ঘস্থায়ী অসুস্থতা।** তিন মাস বা তার বেশি সময় পর্যন্ত স্থায়ী হওয়া স্বাস্থ্য সমস্যা। কিছু অসুস্থতা, যেমন- মালটিপেলস্ক্লেরোসিস বা ডায়াবেটিসের মতো সারাজীবনের অসুস্থতার সমস্যা।

**Cochlear implant.** An electronic device that can assist a person who is deaf or hard of hearing in understanding speech.

**কক্লিয়ার ইমপ্লান্ট।** এমন একটি ইলেকট্রনিক ডিভাইস যা বধির বা শ্রবণশক্তি সংক্রান্ত সমস্যায় আক্রান্ত ব্যক্তিকে কথাবার্তা বুঝতে সাহায্য করতে পারে।

**Collision.** A vehicle impacts another vehicle, personal, animal, or property.

**সংঘর্ষ হওয়া।** একটি গাড়ি অন্য গাড়ি, ব্যক্তি, প্রাণী বা সম্পত্তিকে সংঘর্ষের দ্বারা ক্ষতিগ্রস্ত করে।

**Commute.** To travel to and from a place regularly, usually between a person's home and their work.

**যাতায়াত।** একটি জায়গা থেকে একটি জায়গায় নিয়মত যাতায়াত করা, সাধারণত কোনও ব্যক্তির বাড়ি ও কর্মস্থলের মধ্যে।

**Compensation.** Something given to another person for doing a job or service, or to make up for damage or trouble. An insurance company, for instance, may compensate you if your vehicle is damaged by someone else, and it is not your fault. Compensation could also refer to the money and benefits a worker receives from a job.

**ক্ষতিপূরণ।** কোনও কাজ বা পরিষেবা প্রদান করার জন্য বা ক্ষতিপূরণ বা সমস্যা সমাধানের জন্য অন্য ব্যক্তিকে দেওয়া কোনও কিছু। উদাহরণস্বরূপ, যদি আপনার গাড়ি অন্য কারও দ্বারা ক্ষতিগ্রস্ত হয় এবং এতে আপনার দোষ না থাকে তাহলে বিমা কোম্পানি আপনাকে ক্ষতিপূরণ দিতে পারে। অর্থ এবং সুবিধাগুলিকেও উল্লেখ করা যেতে পারে যা একজন কর্মী কর্মস্থল থেকে ক্ষতিপূরণ বাবদ পেয়ে থাকেন।

**Commuter van.** A vehicle that seats between 9 and 20 passengers, and has been licensed to provide transportation for-hire with a TLC-licensed commuter van service.

**যাতায়াতের ভ্যান।** এমন একটি গাড়ি যাতে 9 থেকে 20 জন যাত্রীর আসন থাকে এবং টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত যাতায়াতের ভ্যান পরিষেবার মাধ্যমে ভাড়ায় পরিবহন সেবা প্রদানের জন্য যা লাইসেন্সপ্রাপ্ত।

**Compliance.** When you do what a law, rule, order, or official asks or orders you to do.

**মেনে চলা।** আইন, নিয়ম, আদেশ বা কর্মকর্তা আপনাকে যখন যা করতে বলেন বা আদেশ দেন, তখন আপনি তা করেন।

**Congestion zone.** A geographic area within Manhattan that is below 96th Street (excluding 96th Street).

**যানজটভুক্ত জোন।** Manhattan (ম্যানহ্যাটন)-এর মধ্যে অবস্থিত একটি ভৌগলিক এলাকা যা 96th Street-এর নিচের দিকে অবস্থিত (96th Street বাদে)।

**Cooper’s Law.** A New York City local law that requires the TLC to immediately suspend the TLC license of any driver issued a summons for a traffic violation or crime related to a crash that caused a serious injury or death. If the driver is found guilty of the traffic violation or crime, the driver’s TLC license is revoked.

**কুপার্স আইন।** New York City (নিউ ইয়র্ক সিটি)-এর একটি স্থানীয় আইন যা টিএলসি-কে অবিলম্বে কোনও চালকের টিএলসি লাইসেন্স বাতিল করতে বাধ্য করে, যার বিরুদ্ধে ট্রাফিক আইন লঙ্ঘন বা গুরুতর আঘাত বা মৃত্যু ঘটা এমনতর মুখোমুখি সংঘর্ষজনিত অপরাধের কারণে কোনও সমন জারি করা হয়েছে। ট্রাফিক লঙ্ঘন বা অপরাধের জন্য যদি চালক দোষী সাব্যস্ত হয় তাহলে ড্রাইভারের টিএলসি লাইসেন্স বাতিল করা হয়।

**Crash.** When a vehicle hits someone or something hard enough to cause injury, death, damage, or destruction.

**সংঘর্ষ।** যখন কোনও গাড়ি যথেষ্ট গুরুতর ভাবে কাউকে ধাক্কা দেয় বা আঘাত, মৃত্যু, ক্ষতি বা ধ্বংসের কারণ হয় ।

**Credit card.** A plastic card used by a person to pay for things or service and agrees to pay back later.

**ক্রেডিট কার্ড।** প্লাস্টিকের একটি কার্ড যা কোনও জিনিস বা পরিষেবার বিনিময়ে অর্থ প্রদানের জন্য কোনও ব্যক্তি ব্যবহার করেন এবং পরে সেই অর্থ পরিশোধ করার জন্য সম্মত হন।

**Critical Driver’s Program.** A program that imposes penalties on TLC-licensed drivers who have a certain number of <u>DMV</u> points on his or her driver’s license.

**ক্রিটিক্যাল ড্রাইভার্স প্রোগ্রাম।** এমন একটি প্রোগ্রাম যা টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত সেইসব চালকদের উপর শাস্তি আরোপ করে যাদের ড্রাইভিং লাইসেন্সে নির্দিষ্ট সংখ্যক DMV পয়েন্ট রয়েছে।

**Crosstown.** When you go across the city from one end to another. Typically, this is used regarding traveling between the East and West Side of Manhattan.

**ক্রসটাউন।** সিটির এক প্রান্ত থেকে আরেক প্রান্তে যাওয়া। সাধারণত, এটি Manhattan (ম্যানহ্যাটন)-এর পূর্ব এবং পশ্চিম প্রান্তে ভ্রমণের ক্ষেত্রে ব্যবহৃত হয়।

**Crosswalk.** A marked path on a road or street for people to safely cross.

**পথচারী পারাপার।** পথচারীরা যাতে নিরাপদে পারাপার করতে পারেন তার জন্য রাস্তা বা রাস্তায় চিহ্নিত করা পথ।

**Cruising.** The time spent by a for-hire vehicle available to receive dispatches from a base or high-volume for-hire service, but is not transporting a passenger. This includes traveling in a TLC-licensed vehicle to look for a passenger to pick up and take them somewhere for-hire.

**ক্রুজিং।** বেস বা উচ্চ (হাই-ভলিউম) ভাড়ায় পরিষেবা প্রদান গ্রহণের জন্য বিদ্যমান কোনও ভাড়ার গাড়ি যখন যাত্রী পরিবহন না করে গাড়ি চালিয়ে সময় ব্যয় করে। একটি টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত গাড়িতে ভ্রমণ করে কোনও যাত্রীকে সন্ধান করে তুলে নেওয়া এবং ভাড়ায় কোথাও নিয়ে যাওয়ার বিষয়টি এর মধ্যে অন্তর্ভুক্ত।

**Crutches.** Long sticks that fit under someone's arm to help them walk. Crutches may be used when a person has injured a part of their body.

**ক্র্যাচেস।** কোনও ব্যক্তিকে হাঁটতে সাহায্য করার জন্য তার বাহুতে ব্যবহৃত করা লম্বা লাঠি। যখন কোনও ব্যক্তি তার শরীরের কোনও অংশে আঘাত পায়  তার দ্বারাক্র্যাচ ব্যবহার করা যেতে পারে।

**Curb.** Where the sidewalk ends; the edge of the sidewalk.

**কার্ব।** যেখানে ফুটপাথের সমাপ্তি হয়; অর্থাৎ ফুটপাথের প্রান্ত।

**Dashboard.** A panel or part of inside a vehicle that has the controls.

**ড্যাশবোর্ড।** একটি প্যানেল বা গাড়ির ভিতরের অংশ যেখানে কন্ট্রোলগুলি থাকে।

**Debit card.** A plastic card a person can use to pay for things or services using money from a bank account.

**ডেবিট কার্ড।** প্লাস্টিকের এমন কার্ড যা কোনও ব্যক্তি ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে অর্থ ব্যবহার করে জিনিস বা পরিষেবার জন্য অর্থ প্রদানে ব্যবহার করতে পারেন।

**Decal.** A sticker issued by the TLC and attached to a TLC-Licensed Vehicle.

**ডিক্যাল।** টিএলসি কর্তৃক জারি করা স্টিকার এবং টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত গাড়িতে যা আটকানো থাকে।

**Default.** A decision made against a TLC Licensee after they fail to appear for a hearing, enter a plea, or make a request to reschedule the hearing.

**ডিফল্ট।** টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত কোনও ব্যক্তি শুনানিতে উপস্থিত হতে না পারলে, আত্মপক্ষ সমর্থন করে আবেদন করলে বা শুনানির সময়সূচি পুনঃনির্ধারণ করার অনুরোধ করলে তার বিরুদ্ধে যেই সিদ্ধান্ত নেওয়া হয়।

**Defensive Driving Course.** A course that teaches you how to drive safely, defensively, and prevent crashes. It must be approved by the TLC and the New York State Department of Motor Vehicles, and can reduce points on a DMV license.

**আত্মরক্ষামূলক ড্রাইভিং সংক্রান্ত কোর্স।** এমন একটি কোর্স যা আপনাকে শেখায় কীভাবে নিরাপদে, সুরক্ষিতভাবে গাড়ি চালাতে হয় এবং সংঘর্ষ এড়াতে হয়। এটি অবশ্যই টিএলসি এবং নিউ ইয়র্ক স্টেট মোটর গাড়ির বিভাগ কর্তৃক অনুমোদিত হতে হবে এবং একটি DMV লাইসেন্সে পয়েন্ট কমাতে পারে।

**Direction.** The way or path on which something is moving towards or pointing to.

**দিকনির্দেশ।** যে রাস্তা বা পথ ধরে কোনও কিছু এগিয়ে যাচ্ছে বা নির্দেশ করছে।

**Disability.** A physical or mental impairment that affects one or more major life activity, such as seeing, hearing, breathing, walking, talking, or performing manual tasks. A functional limitation that affects a person's ability to do certain tasks or activities, or makes them more difficult. Use person-first language,

or ask a person what their preference is. Avoid using descriptions such as "suffers from" or "afflicted with," and use neutral language (for example, she is Deaf).

**প্রতিবন্ধতা।** শারীরিক বা মানসিক একটি বৈকল্য যা স্বাভাবিক জীবনধারায় এক বা একাধিক কার্যকলাপকে প্রভাবিত করে, যেমন- দেখা, শোনা, শ্বাস-প্রশ্বাস, হাঁটাচলা, কথা বলা বা সাধারণ দৈহিক কাজকর্মসম্পাদন করা। একটি কার্যকরী সীমাবদ্ধতা যা কোনও ব্যক্তির নির্দিষ্ট কাজ বা কার্যকলাপ সম্পন্ন করার সক্ষমতাকে প্রভাবিত করে বা সেগুলি আরও কঠিন করে তোলে। ব্যক্তির-মাতৃভাষা ব্যবহার করুন অথবা ব্যক্তিকে জিজ্ঞাসা করুন তাদের পছন্দ কী। "কতদিন ভুগছেন" বা "প্রতিবন্ধতার কারণ"-এর মতো বর্ণনামূলক শব্দের ব্যবহার এড়িয়ে চলুন এবং নিরপেক্ষ ভাষা ব্যবহার করুন (উদাহরণস্বরূপ, তিনি বধির)।

**Discretionary Revocation.** The TLC chairperson can use their discretion to revoke a TLC License for a rule violation if the chairperson determines they present a threat to public health, safety, or welfare.

**বিচক্ষণমূলক প্রত্যাহার।** নিয়ম লঙ্ঘনের ক্ষেত্রে টিএলসি চেয়ারপার্সন তাদের বিচক্ষণতা ব্যবহার করে টিএলসি লাইসেন্স প্রত্যাহার করতে পারেন যদি তিনি নির্ধারণ করেন যে লঙ্ঘনকারী জনস্বাস্থ্য, নিরাপত্তা বা কল্যাণের প্রতি হুমকি সৃষ্টি করছেন।

**Dispatch.** A request made from a TLC-licensed base to a TLC-licensed driver that directs them to provide transportation to a passenger who has arranged the trip through a request to the base (such as a car service).

**ডেসপ্যাচ।** টিএলসি লাইসেন্সপ্রাপ্ত বেস থেকে একজন টিএলসি লাইসেন্সপ্রাপ্ত চালকের নিকট করা একটি অনুরোধ যা তাদের এমন কোনও যাত্রীকে পরিবহন সেবাদানের নির্দেশ করে যিনি বেসের কাছে অনুরোধের মাধ্যমে ট্রিপের ব্যবস্থা করেছেন (যেমন- একটি কার সার্ভিস)।

**Dispatch equipment.** Communications equipment used to request available Taxi Drivers for Accessible Dispatch trips.

**ডেসপ্যাচ সংক্রান্ত সরঞ্জাম।** অ্যাক্সেসযোগ্য প্রেরণ সংক্রান্ত ট্রিপের ক্ষেত্রে বিদ্যমান ট্যাক্সি চালকদের অনুরোধ করতে ব্যবহৃত যোগাযোগ সরঞ্জাম।

**Dispatch fee.** Accessible taxi driver receive payment when they complete or attempt to complete an Accessible Dispatch trip, using the Dispatch Fee schedule.

**ডেসপ্যাচ সংক্রান্ত** দাম। অ্যাক্সেসযোগ্য ট্যাক্সির চালক যখন ডেসপ্যাচ সংক্রান্ত দামের তালিকা ব্যবহার করে একটি অ্যাক্সেসযোগ্য ডেসপ্যাচ সংক্রান্ত ট্রিপ সম্পন্ন করেন বা সম্পন্ন করার চেষ্টা করেন তখন তিনি পেমেন্ট পেয়ে থাকেন।

**Distracted driving course.** A TLC-approved course that trains drivers on the dangers of driving and using electronic devices, as well as the rules that apply to those devices on the road.

**বিক্ষিপ্তচিত্ত হয়ে গাড়ি চালানোর কোর্স।** টিএলসি-অনুমোদিত একটি কোর্স যা চালকদের ড্রাইভিং এবং ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারের বিপদের পাশাপাশি রাস্তায় সেই ডিভাইসগুলি ব্যবহারের প্রযোজ্য নিয়ম সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করে থাকে।

**DMV.** This is an acronym for the New York State Department of Motor Vehicles. This state-level agency is responsible for identity papers, motor vehicle and driver services, and vehicle registration.

**DMV।** এটি নিউ ইয়র্ক স্টেট মোটর গাড়ির বিভাগের একটি সংক্ষিপ্ত নাম। স্টেট-স্তরের এই এজেন্সিটি পরিচয়পত্র, মোটর গাড়ি ও চালক পরিষেবা এবং গাড়ির নিবন্ধনের জন্য দায়বদ্ধ।

**Department of Transportation (NYC DOT).** A city government agency that is responsible for the movement and transportation of people and goods in New York City, as well as the city's transportation infrastructure, including sidewalks, streets, highways, and bridges.

**পরিবহন বিভাগ (NYC DOT)।** সিটি গভার্নমেন্টের একটি এজেন্সি যা New York City (নিউ ইয়র্ক সিটি) -তে মানুষ এবং পণ্য পরিবহনের পাশাপাশি ফুটপাথ, রাস্তা, হাইওয়ে এবং সেতু সহ সিটির পরিবহন পরিকাঠামো নিয়ন্ত্রণের জন্য দায়বদ্ধ।

**Destination.** A place that someone is going to or trying to reach.

**গন্তব্যস্থল।** এমন একটি জায়গা যেখানে কেউ যাচ্ছেন বা পৌঁছানোর চেষ্টা করছেন।

**Driver.** A person who holds a TLC License that authorizes them to drive a TLC-Licensed vehicle.

**চালক।** এমন কোনও ব্যক্তি যার একটি টিএলসি লাইসেন্স রয়েছে যা তাদেরকে টিএলসি-লাইসেন্সপ্রাপ্ত গাড়ি চালানোর অনুমতি দেয়।

**Drugs.** A controlled substance defined in the New York State Public Health Law.

**ড্রাগ।** নিউ ইয়র্ক স্টেটের জনস্বাস্থ্য আইনে সংজ্ঞায়িত কোনও নিয়ন্ত্রিত পদার্থ।

**E-Hail.** A request for a trip made through an E-Hail application (app).

**ই-হেইল।** ই-হেইল অ্যাপ্লিকেশন (অ্যাপ)-এর মাধ্যমে ট্রিপের জন্য করা অনুরোধ।

**E-Hail Application or E-Hail App.** A TLC-licensed software program for a smartphone or other electronic device that is integrated with technology systems in taxis, and allows passengers to make payments electronically.

**ই-হেইল অ্যাপ্লিকেশন বা ই-হেইল অ্যাপ।** স্মার্টফোন বা অন্যান্য ইলেকট্রনিক ডিভাইসের জন্য টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত একটি সফ্টওয়্যার প্রোগ্রাম যা ট্যাক্সিতে প্রযুক্তি সিস্টেমের সাথে সংযুক্ত থাকে এবং যাত্রীদের ইলেকট্রনিকভাবে পেমেন্টের সুবিধা প্রদান করে থাকে।

**Electronic Communication Device.** A portable or hands-free electronic device that can make a phone call; send or receive a text message; speak or operate the device hands-free (such as through a voice command); act as a personal digital assistant; send or receive data from the internet; act as a portable computer (such as a laptop); play audio, video, and games, make or display images, or provides a function that can distract a driver. GPS can be used if a TLC-Licensed Vehicle is legally standing or parked when the Driver inputs or transmits data.

**ইলেকট্রনিক কমিউনিকেশন ডিভাইস।** পোর্টেবল বা হ্যান্ডস-ফ্রি একটি ইলেকট্রনিক ডিভাইস যা ফোন কল করতে পারে; টেক্সট মেসেজ পাঠাতে এবং গ্রহণ করতে পারে; হাত ব্যবহার না করেই কথা বলতে বা ডিভাইসটি পরিচালনা করতে পারে (যেমন- ভয়েস কমান্ডের মাধ্যমে); ব্যক্তিগত ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট হিসেবে কাজ করতে পারে; ইন্টারনেট থেকে ডেটা গ্রহণ বা ডেসপ্যাচ করতে পারে; পোর্টেবল কম্পিউটার

হিসেবে কাজ করতে পারে (যেমন- ল্যাপটপ); অডিও, ভিডিও এবং গেম চালু করতে পারে; ছবি তুলতে বা প্রদর্শন করতে পারে বা এমন কোনও কার্যক্রম করে যা কোনও চালকের মনোযোগ বিক্ষিপ্ত করতে পারে। চালক ডেটা ইনপুট বা ডেসপ্যাচ করার সময় যদি টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত কোনও গাড়ি আইনসম্মতভাবে দাঁড় করিয়ে থাকে বা পার্ক করে থাকে তাহলে GPS ব্যবহার করা যেতে পারে।

**Electronic or digital wallet.** An electronic payment system, frequently used with a smartphone. It is an electronic version of a physical wallet. A person, for instance, can use their phone to make a payment with a digital wallet.

**ইলেকট্রনিক বা ডিজিটাল ওয়ালেট।** একটি ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম সচরাচর যা স্মার্টফোনের মাধ্যমে ব্যবহার করা হয়। এটি সঙ্গে থাকা ওয়ালেটের একটি ইলেকট্রনিক সংস্করণ। উদাহরণস্বরূপ, কোনও ব্যক্তি একটি ডিজিটাল ওয়ালেটের মাধ্যমে পেমেন্ট করতে তাদের ফোন ব্যবহার করতে পারেন।

**Fleet.** A business that controls at least 25 taxis in a single business location and operates with a dispatcher on site at least 18 hours daily. The dispatcher assigns drivers to the fleet's taxi.

**ফ্লিট।** এমন একটি ব্যবসা যা কোনও ব্যবসায়িক ঠিকানায় কমপক্ষে 25টি ট্যাক্সি নিয়ন্ত্রণ করে এবং সাইটে প্রতিদিন কমপক্ষে 18 ঘণ্টা একজন ডেসপ্যাচকারীর সাথে সেটি পরিচালনা করেন। ফ্লিট ট্যাক্সিতে ডেসপ্যাচকারী চালকদের নিয়োগ করে থাকেন।

**For-Hire Base.** A TLC-licensed business that dispatches for-hire vehicles from a physical location, including a black car, livery, luxury limousine, or high-volume for-hire service.

**ভাড়ায় চালিত বেস।** টিএলসি-লাইসেন্সপ্রাপ্ত একটি ব্যবসা যা ব্ল্যাক কার, লিভারি, বিলাসবহুল লিমুজিন বা উচ্চ ভাড়ায় পরিষেবা প্রদানের লক্ষ্যে কোনও নির্ধারিত স্থান থেকে ভাড়ার জন্য গাড়ি ডেসপ্যাচ করে থাকে।

**For-Hire Driver.** A TLC Licensee who operates a For-Hire Vehicle.

**ভাড়ার গাড়ির চালক।** টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত কোনও ব্যক্তি যিনি ভাড়ার গাড়ি চালান।

**For-Hire Vehicle.** A TLC-Licensed vehicle that can seat 20 or fewer passengers, has three or more doors, and is not a taxi, commuter van, or a bus (per New York State law).

**ভাড়ায় চালিত গাড়ি।** টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত একটি গাড়ি যাতে 20 জন বা তার কম যাত্রী বসতে পারে, যেটির তিনটি বা তার বেশি দরজা রয়েছে এবং এটি কোনও ট্যাক্সি, যাতায়াতের ভ্যান বা বাস নয় (নিউ ইয়র্ক স্টেটের আইন অনুসারে)।

**GPS.** A device that uses a global positioning navigation system to convey directions using a voice function, and transmits only geographical direction information. It can only be used by TLC-Licensed Drivers when the vehicle is legally standing or parked.

**GPS।** এমন একটি ডিভাইস যা ভয়েস ফাংশন ব্যবহার করে দিকনির্দেশনা জানাতে গ্লোবাল পজিশনিং নেভিগেশন সিস্টেম ব্যবহার করে এবং শুধুমাত্র ভৌগলিক নির্দেশাবলী সংশ্লিষ্ট তথ্য প্রেরণ করে। যখন গাড়িটি বৈধভাবে দাঁড়িয়ে বা পার্ক করা থাকে শুধুমাত্র তখনই এটি টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত চালকগণ ব্যবহার করতে পারেন।

**Hack-up.** Modifying a vehicle so that it can operate as a medallion taxi in New York City.

**হ্যাক-আপ।** গাড়ির পরিবর্তন করা যাতে এটি New York City (নিউ ইয়র্ক সিটি)-তে একটি মেডালিয়ন ট্যাক্সি হিসেবে ব্যাবহারকরতে পারে।

**Hail.** A request for on-demand yellow or green taxi service through a verbal action (such as calling out), physical action (raising one's arm), or using an e-hail app.

**হেইল।** কোনও মৌখিক কার্যক্রম (যেমন- ফোন করা), শারীরিক ভঙ্গী (একটি হাত তোলা) বা ই-হেইল অ্যাপ ব্যবহার করার মাধ্যমে অন-ডিমান্ড হলুদ বা সবুজ ট্যাক্সি পরিষেবার জন্য করা একটি অনুরোধ।

**Hail exclusionary zone.** A geographic area where green taxis cannot accept a passenger by hail. This area is at New York City airports, below East 96th Street West 110th Street in Manhattan. Street Hail Liveries can do pre-arranged trips at the airports through a base, telephone, app, website, or other method. They cannot do pre-arranged trips in Manhattan below East 96th Street and West 110th Street. Green taxis can do paratransit trips for individuals with disabilities by or on behalf of the MTA.

**হেইল এক্সক্লুশনারি জোন।** একটি ভৌগলিক এলাকা যেখানে সবুজ ট্যাক্সিগুলি হেইলে কোনও যাত্রী নিতে পারে না। এই এলাকাটি Manhattan (ম্যানহ্যাটন)-এর East 96th Street West 110th Street-এর দক্ষিণে New York City (নিউ ইয়র্ক সিটি) বিমানবন্দরে অবস্থিত। রাস্তায় হাত নেড়ে ডাকা লিভারির গাড়িগুলি বেস, টেলিফোন, অ্যাপ, ওয়েবসাইট বা অন্যান্য পদ্ধতির মাধ্যমে বিমানবন্দরে প্রাক-ব্যবস্থা করা ট্রিপগুলি সম্পন্ন করতে পারে। তারা East 96th Street ও West 110th Street-এর দক্ষিণে Manhattan (ম্যানহ্যাটন)-এ প্রাক-ব্যবস্থা করা ট্রিপগুলি সম্পন্ন করতে পারেন না। সবুজ ট্যাক্সিগুলি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বা MTA-এর হয়ে প্যারাট্রানজিট ট্রিপগুলি সম্পন্ন করতে পারে।

**Hail zone.** A geographic area where green taxis can accept passengers by hail. It encompasses Manhattan above East 96th Street, Manhattan above West 110th Street, and the outerboroughs, excluding New York City airports.

**হেইল জোন।** একটি ভৌগলিক এলাকা যেখানে সবুজ ট্যাক্সিগুলি হাত নাড়া যাত্রীদের তুলতে পারে। এটি New York City (নিউ ইয়র্ক সিটি) বিমানবন্দর ব্যতীত East 96th Street-এর উপরের Manhattan (ম্যানহ্যাটন) ও West 110th Street-এর উপরের Manhattan (ম্যানহ্যাটন) এবং আউটারবরোসমূহকে (outerboroughs) পরিবেষ্টন করে।

**Hearing.** Regarding OATH, a hearing is a presentation and evidence consideration before an Administrative Law Judge.

**শুনানি।**শপথবদ্ধ(OATH ) প্রসঙ্গে, শুনানি হলো প্রশাসনিক আইন বিষয়ক বিচারকের সামনে উপস্থাপনা এবং প্রমাণাদি মূল্যায়ন।

**Hearing Induction loop.** A device used to transmit sound directly to hearing aids that use a small copper wire (a T-coil) or cochlear implants.

**হিয়ারিংইন্ডাকশন লুপ।** শ্রবণযন্ত্রে সরাসরি শব্দ প্রেরণে ব্যবহৃত একটি ডিভাইস যেটি ছোট আকারের তামার তার (একটি টি-কয়েল) বা কক্লিয়ার ইমপ্লান্ট ব্যবহার করে।

**Hearing officers.** A person designated by OATH to carry out to the powers, duties, and responsibilities of the Taxi and Limousine Tribunal.

**শুনানি** আধিকারিক। ট্যাক্সি ও লিমুজিন ট্রাইব্যুনালের ক্ষমতা, দায়দায়িত্ব পালনের জন্য OATH কর্তৃক মনোনীত একজন ব্যক্তি।

**High-Volume For-Hire Service.** A central dispatch facility that is a TLC-licensed business, connects passengers to for-hire vehicles through pre-arranged trips, uses a passenger-facing booking tool, and dispatches 10,000 or more trips in New York City per day.

**উচ্চ-চাহিদা (হাই-ভলিউম) ভাড়ায় পরিষেবা।** একটি কেন্দ্রীয় ডেসপ্যাচ সংক্রান্ত সুবিধা যা একটি টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত ব্যবসা, যাত্রীদেরকে প্রাক-ব্যবস্থা করা ট্রিপের ভ্রমণের মাধ্যমে ভাড়ার গাড়ির সাথে সংযুক্ত করে, যাত্রী-মুখী একটি বুকিং টুল ব্যবহার করে এবং New York City (নিউ ইয়র্ক সিটি)-তে প্রতিদিন 10,000 বা তার বেশি ট্রিপ ডেসপ্যাচ করে।

**Honor Roll.** The TLC holds an Honor Roll Ceremony every year to celebrate the accomplishments of TLC-licensed drivers and bases, such as Vision Zero and accessibility. Every year, the TLC honors the safest drivers and businesses, as well as drivers that are leaders in Accessible Dispatch. TLC has also recognized drivers for supporting efforts to fight COVID-19, including food delivery and supporting home vaccination.

**অনার রোল।** টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত চালক এবং বেস, যেমন- Vision Zero এবং অ্যাক্সেসযোগ্যতা উদযাপন করতে টিএলসি প্রতি বছর একটি অনার রোল অনুষ্ঠানের আয়োজন করে থাকে। প্রতি বছর, টিএলসি সবচেয়ে নিরাপদ চালক এবং ব্যবসার পাশাপাশি যারা অ্যাক্সেসযোগ্য প্রেরণের নেতা এমন চালকগণকে সম্মানিত করে। COVID-19 মোকাবেলার প্রচেষ্টাকে সমর্থন করার জন্য টিএলসি চালকদেরও স্বীকৃতি দিয়েছে, যার মধ্যে খাদ্য বিতরণ এবং বাড়িতে টিকা গ্রহণে সহায়তা করা।

**Independent Medallion.** A class of Medallion where the owner can only own one medallion.

**স্বাধীন মেডালিয়ন।** মেডালিয়নের একটি শ্রেণি যেখানে মালিক শুধুমাত্র একটি মেডালিয়নের মালিক হতে পারেন।

**Licensee.** An individual or business that has a TLC License, including an individual or business that has a suspended License.

**লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি।** কোনও ব্যক্তি বা ব্যবসা যার একটি টিএলসি লাইসেন্স রয়েছে, বা যার/যেই লাইসেন্স স্থগিতকৃত তেমন কোনও ব্যক্তি বা ব্যবসা।

**Livery.** A for-hire vehicle that is affiliated with a livery base.

**লিভারি।** ভাড়ায় চালিত গাড়ি যা লিভারি বেসের সাথে সংযুক্ত।

**Livery Base.** A for-hire base that dispatches livery vehicles on a pre-arranged basis, dispatches vehicles that are designed to carry fewer than six people, and passengers are charged for service based on a flat rate, time, mileage, or zone.

**লিভারি বেস।** ভাড়ায় চালিত একটি বেস যা প্রাক-ব্যবস্থার ভিত্তিতে লিভারি গাড়ি ডেসপ্যাচ করে, ছয় জনের কম সংখ্যক লোককে বহন করার জন্য প্রস্তুত করা গাড়ি ডেসপ্যাচ করে এবং যাত্রীদের নিকট থেকে একদাম, সময়, মাইলেজ বা জোনের ভিত্তিতে পরিষেবার চার্জ করা হয়।

**Livery Fund.** An independent livery driver benefit established under New York State Executive Law, Article 6-G.

**লিভারি ফান্ড।** নিউ ইয়র্ক স্টেট এক্সিকিউটিভ ল, ধারা 6-G এর অধীনে প্রতিষ্ঠিত স্বাধীন লিভারি চালকের একটি সুবিধা।

**Luxury Limousine.** A For-Hire Vehicle that has affiliated with a luxury limousine base and has a seating capacity of 20 or fewer passengers.

**বিলাসবহুল লিমুজিন।** ভাড়ায় চালিত একটি গাড়ি যা একটি বিলাসবহুল লিমুজিন বেসের সাথে সংযুক্ত এবং 20 জন বা তার কম যাত্রীর বসার সক্ষমতা রয়েছে।

**Luxury Limousine Base.** A for-hire base that dispatches all luxury limousines by pre-arrangement, less than 10% is paid by direct cash, and passengers are charged “garage to garage” service via a flat rate, time, or mileage.

**বিলাসবহুল লিমুজিন বেস।** ভাড়ায় চালিত একটি বেস যা প্রাক-ব্যবস্থার মাধ্যমে সমস্ত বিলাসবহুল লিমুজিন ডেসপ্যাচ করে, 10% এরও কম সরাসরি নগদ পেমেন্ট করা হয় এবং যাত্রীদের নিকট থেকে একদাম, সময় বা মাইলেজ অনুযায়ী “গ্যারেজ থেকে গ্যারেজে” পরিষেবা চার্জ করা হয়।

**Mandatory revocation**. When revocation must be imposed as a penalty in TLC rules.

**বাধ্যতামূলক প্রত্যাহার**। টিএলসি-এর নিয়মানুযায়ী শাস্তি হিসেবে প্রত্যাহার আরোপ করা যখন আবশ্যক।

**Medallion.** A numbered plate placed on the outside of a yellow taxicab as physical evidence that it is licensed to operate and provide taxi service.

**মেডালিয়ন।** হলুদ ট্যাক্সিক্যাবের বাইরের দিকে রাখা একটি নম্বরলেখা প্লেট যেটি ট্যাক্সি পরিষেবা পরিচালনা এবং প্রদানের জন্য লাইসেন্সপ্রাপ্ত হিসেবে একটি তাৎক্ষণিক প্রমাণ।

**Medallion Relief Program.** A TLC program that helps medallion owner-drivers receive debt relief by lowering loan principals and monthly payments.

**মেডালিয়ন রিলিফ প্রোগ্রাম।** টিএলসি এর একটি প্রোগ্রাম যা মেডালিয়নের মালিক-চালকদের ঋণ সংশ্লিষ্ট মূলধন এবং মাসিক পেমেন্ট কমিয়ে ঋণ থেকে পরিত্রাণ পেতে সাহায্য করে।

**Minifleet.** A TLC-licensed business that owns and operates two or more taxis. They often work with a fleet to storage and dispatch taxicabs every day.

**মিনিফ্লিট।** টিএলসি-লাইসেন্সপ্রাপ্ত একটি ব্যবসা যেটি দুই বা ততোধিক ট্যাক্সির মালিক এবং সেগুলি পরিচালনা করে। তারা ট্যাক্সিক্যাব স্টোরেজ ও প্রেরণের জন্য প্রায়শই একটি ফ্লিটের সাথে কাজ করে থাকে।

**Minifleet Medallion.** A medallion taxicab license that must be owned in groups of at least two.

**মিনিফ্লিট মেডালিয়ন।** মেডালিয়ন ট্যাক্সিক্যাবের একটি লাইসেন্স যা কমপক্ষে দুইজন ব্যক্তির সমন্বয়ে গঠিত গোষ্ঠীর মালিকানাধীন হতে হবে।

**MTA Tax.** A 50-cent New York State tax on taxicab trips created by Article 29-A of the New York State Tax Law.

**MTA ট্যাক্স।** নিউ ইয়র্ক স্টেট কর আইনের ধারা 29-A কর্তৃক জারিকরা ট্যাক্সিক্যাব ট্রিপের উপর 50-সেন্ট নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স।

**OATH.** This is an acronym for the New York City Office of Administrative Trials and Hearings.

**OATH।** এটি New York City (নিউ ইয়র্ক সিটি) প্রশাসনিক বিচার ও শুনানি দপ্তর (Office of Administrative Trials and Hearings)-এর সংক্ষিপ্ত নাম।

**OATH Tribunal.** This is the New York City Office of Administrative Trials and Hearings tribunal established by the City of New York Charter and rules (Chapter 1, Title 48). Administrative Law Judges carry out the adjudicatory powers, duties, and responsibilities of the OATH Tribunal.

**OATH ট্রাইব্যুনাল।** এটি New York City (নিউ ইয়র্ক সিটি) প্রশাসনিক বিচার ও শুনানি দপ্তর ট্রাইব্যুনাল যা সিটি অব নিউ ইয়র্ক চার্টার অ্যান্ড রুলস (অধ্যায় 1, শিরোনাম 48) কর্তৃক প্রতিষ্ঠিত। প্রশাসনিক আইন বিষয়ক বিচারকগণ OATH ট্রাইব্যুনালের বিচারিক ক্ষমতা, দায়দায়িত্ব পালন করে থাকেন।

**Paratransit Disability.** A physical, mobility, or mental impairment that prevents a person from boarding, riding, or disembarking from a vehicle without the assistance of a wheelchiar lift or other boarding assistance device.

**প্যারাট্রানজিট প্রতিবন্ধিতা।** শারীরিক, চলাচল সংক্রান্ত বা মানসিক কোনও প্রতিবন্ধিতা যা কোনও ব্যক্তিকে হুইলচেয়ার তোলা বা অন্যান্য বোর্ডিং সহায়তামূলক যন্ত্রের সাহায্য ছাড়া গাড়িতে উঠতে, চড়তে বা নামতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

**Paratransit Vehicle.** Any motor vehicle equipped with a hydraulic lift or ramp designed to transport people who use wheelchairs or other physical devices designed to permit access the transportation of a person with a Paratransit Disability,

**প্যারাট্রানজিট গাড়ি।** হাইড্রোলিক লিফট বা র‍্যাম্প দিয়ে সজ্জিত হুইলচেয়ার ব্যবহারকারী লোককে পরিবহন করা বা অন্যান্য ফিজিক্যাল ডিভাইস ব্যবহার করে প্যারাট্রানজিট প্রতিবন্ধী ব্যক্তিকে পরিবহনের জন্য প্রস্তুত করা কোনও মোটর গাড়ি।

**Passenger.** A person who rides in a vehicle and does not operate it.

**যাত্রী।** এমন ব্যক্তি যিনি কোনও গাড়িতে উঠেন যাত্রার করতে কিন্তু সেটি পরিচালনা করেন না।

**Passenger Assistance and Wheelchair Accessible Vehicle Training.** A training course that instructs drivers on the legal requirements for transporting people with disabilities; passenger assistance techniques and safety procedures; individual hands-on training with an actual person using a wheelchair

sensitivity awareness, including customer service and conflict resolution policies, and the dispatch of vehicles by the Accessible Dispatch program.

**যাত্রী সহায়তা এবং হুইলচেয়ার অ্যাক্সেসযোগ্য গাড়ি বিষয়ে প্রশিক্ষণ।** একটি প্রশিক্ষণ কোর্স যা প্রতিবন্ধী ব্যক্তিদের পরিবহনের আইনগত শর্তাবলি; যাত্রী সহায়তার কৌশল এবং নিরাপত্তা পদ্ধতি; হুইলচেয়ার সংবেদনশীলতামূলক সচেতনতা ব্যবহার করে একজন প্রকৃত ব্যক্তির সাথে ব্যক্তিগত হ্যান্ডস-অন প্রশিক্ষণের পাশাপাশি গ্রাহক পরিষেবা এবং দ্বন্দ্ব নিরসন নীতি ও অ্যাক্সেসযোগ্য ডেসপ্যাচ প্রোগ্রামের মাধ্যমে গাড়ি ডেসপ্যাচ সম্পর্কে চালকদের নির্দেশাবলি সম্পর্কে অবগত করে।

**Persistent violator program.** A program that establishes additional penalties for drivers who repeatedly violate TLC rules within a certain amount of time, based on the number of points accrued.

**বারংবার লঙঘনকারীর কার্যক্রম।** এমন একটি প্রোগ্রাম যা অর্জিত পয়েন্টের পরিমাণের উপর ভিত্তি করে একটি নির্দিষ্ট সময়ের মধ্যে বারবার টিএলসি-এর নিয়ম লঙঘনকারী চালকদের প্রতি অতিরিক্ত শাস্তি আরোপ করে।

**Persons with a Disability or People with Disabilities.** A person with a physical or mental disability who can transfer from a mobility aid to a taxicab, for-hire vehicle, or commuter van with or without reasonable assistance.

**প্রতিবন্ধী ব্যক্তি বা প্রতিবন্ধী ব্যক্তিবর্গ।** শারীরিক বা মানসিক প্রতিবন্ধী কোনও ব্যক্তি যিনি চলাচলের জন্য একটি ট্যাক্সিক্যাব, ভাড়ায় চালিত গাড়ি বা যাতায়াতের ভ্যানে প্রয়োজনীয় সহায়তাসহ বা সহায়তা ছাড়াই স্থানান্তর করতে পারেন।

**Petition.** A request for the TLC to adopt a rule.

**পেটিশন।** কোনও নিয়ম প্রতিষ্ঠার জন্য টিএলসির প্রতি কোনও অনুরোধ।

**Point Reduction Course.** A course that drivers can voluntarily take to reduce the points they accumulated under the Persistent Violator Program.

**পয়েন্ট কমানোর কোর্স।** এমন একটি কোর্স যা বারংবার লঙঘনকারী কার্যক্রমের অধীনে চালকগণ তাদের ক্রমযোজিত পয়েন্টগুলি কমাতে স্বেচ্ছায় গ্রহণ করতে পারেন।

**Securement.** Equipment used to secure a passenger who uses a wheelchair before the trip begins.

**নিরাপত্তা।** ট্রিপ শুরু করার আগে হুইলচেয়ার ব্যবহারকারী যাত্রীকে নিরাপত্তা প্রদানে ব্যবহৃত সরঞ্জাম।

**Service Animal.** A working animal that performs a task or specific set of tasks to assist a person with a disability.

**পরিষেবাপ্রদানকারী প্রাণী।** একটি কর্মজীবী প্রাণী যা একজন প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়তা করার জন্য একটি কাজ বা নির্দিষ্ট কাজের সমন্বয় সাধন করে।

**Sexual Harassment.** Conversation or conduct related to sexual acts, sexual contact, intimate body parts, asking about a person's sexual relationships, or expressing a desire to enter into a sexual relationship.

**যৌন হয়রানি।** যৌন ক্রিয়াকলাপ, যৌন সংযোগ, অন্তরঙ্গ শরীরের অঙ্গপ্রত্যঙ্গ বিষয়ে কথোপকথন বা সংশ্লিষ্ট আচরণ, একজন ব্যক্তির যৌন সম্পর্কের বিষয়ে জিজ্ঞাসা বা যৌন মিলনের ইচ্ছা প্রকাশ করা।

**Sex Trafficking with a Vehicle.** Promoting prostitution or sex trafficking while using a TLC-licensed vehicle to commit such a crime.

**গাড়িতে করে যৌন কার্যকলাপ সংক্রান্তে মানুষ পাচার।** এই ধরনের অপরাধ করার জন্য টিএলসি-লাইসেন্সপ্রাপ্ত গাড়ি ব্যবহারের সময় পতিতাবৃত্তি বা যৌন কার্যকলাপ উদ্দেশ্যে পাচারের প্রচার করা।

**Shared bike lane.** Markings can heighten awareness for drivers that cyclists use the road. Cyclists are not separated from traffic.

**শেয়ার করা বাইক লেন।** চিহ্নগুলি রাস্তা ব্যবহারী সাইকেল চালকগণের সচেতনতা বাড়াতে পারে। সাইকেল আরোহীগণ ট্রাফিকের গাড়ি থেকে আলাদা নয়।

**Shared street (pedestrian-priority street).** Pedestrians, cyclists, and motorists all share the right of way on a roadway designed for slower travel speeds. Vehicles are advised to drive 5 mph, and be cautious of street furniture and landscaping made for pedestrian use. Shared streets reduce sidewalk crowding on narrow streets, create more space for event programs, and encourages neighborhood activities like shopping, eating, and socializing.

**শেয়ার করা স্ট্রিট (পথচারী-প্রধান**রাস্তা)**।** পথচারী, সাইকেল আরোহী এবং মোটর গাড়িচালক সকলেই ধীর গতিতে যাত্রার জন্য তৈরি করা সড়কপথে চলার অধিকার শেয়ার করে। যানবাহনগুলিকে 5 মাইল প্রতি ঘণ্টা গতিতে চলার এবং রাস্তার সরঞ্জাম ও পথচারীদের ব্যবহার্য ল্যান্ডস্কেপিংয়ের ব্যাপারে সতর্ক থাকার আহ্বান জানানো হয়। শেয়ার করা রাস্তাগুলি সরু রাস্তায় ফুটপাথে ভিড় কমায়, আনুষ্ঠানিকপ্রোগ্রামগুলিকে আরও বেশি জায়গা দেয় এবং কেনাকাটা, খাওয়াদাওয়া ও সামাজিকীকরণের মতো আশেপাশের কার্যকলাপগুলিকে প্রাণবন্ত করে তোলে।

**Short Haul.** A trip that begins at some transportation terminals and is less than a certain distance or time.

**সংক্ষিপ্ত যাত্রা।** এমন যাত্রা যা কোনপরিবহন টার্মিনাল থেকে শুরু হয় এবং একটি নির্দিষ্ট দূরত্ব বা নির্দিষ্ট সময়ের চেয়ে কম দূরত্বের হয়ে থাকে।

**Stand-By Vehicle.** A vehicle licensed by the TLC to be used by a fleet as a replacement for a licensed taxi that is temporarily out of service.

**স্ট্যান্ড-বাই গাড়ি।** টিএলসি লাইসেন্সপ্রাপ্ত এমন একটি গাড়ি যা একটি লাইসেন্সপ্রাপ্ত অকেজো ট্যাক্সির পরিবর্তে সাময়িকভাবে ফ্লিটের গাড়ি হিসেবে ব্যাবহার করা যেতে পারে।

**Street Hail Livery.** Also known as a green taxi, this is a TLC-Licensed for-hire vehicle or paratransit vehicle that can accept hails in the Hail Zone. It must be affiliated with a Street Hail Livery Base.

**রাস্তায় হাত নেড়ে ডাকা লিভারি।** এগুলি সবুজ ট্যাক্সি হিসেবেও পরিচিত, এটি টিএলসি থেকে লাইসেন্সপ্রাপ্ত ভাড়ার গাড়ি বা প্যারাট্রানজিট গাড়ি যা হেইল জোনে হেইল সুবিধা গ্রহণ করতে পারে। এটির জন্য অবশ্যই রাস্তায় হাত নেড়ে ডাকা লিভারি বেসের সাথে সংযুক্ত হতে হবে।

**Street Hail Livery Improvement Fund.** A city-managed fund that makes subsidy payments to accessible Street Hail Livery owners and drivers. It is funded by the Street Hail Livery Surcharge. Fund money can be used to make grants, offset the costs associated with driving training, funding the Accessible Dispatch Program, and paying Drivers who operate accessible street hail liveries (green taxis).

**স্ট্রিট হেইল লিভারি ইমপ্রুভমেন্ট ফান্ড।** সিটি-পরিচালিত একটি তহবিল যা রাস্তায় হাত নেড়ে ডাকা অ্যাক্সেসযোগ্য লিভারির মালিক ও চালকগণকে ভর্তুকি প্রদান করে থাকে। এটি রাস্তায় হাত নেড়ে ডাকা লিভারি সারচার্জ কর্তৃক অর্থায়ন করা হয়। তহবিলের অর্থ অনুদান প্রদানের জন্য, ড্রাইভিং প্রশিক্ষণ সম্পর্কিত ব্যয় অফসেট করতে, অ্যাক্সেসযোগ্য ডেসপ্যাচ প্রোগ্রামে অর্থায়ন করতে এবং যে সমস্ত চালকগণ রাস্তায় হাত নেড়ে ডাকা লিভারিগুলি (সবুজ ট্যাক্সি) চালায় তাদের অর্থ প্রদানের জন্য ব্যবহার করা যেতে পারে।

**Street Hail Livery Improvement Surcharge**. Beginning on January 1, 2015, a surcharge of $.30 was added to every trip.

**স্ট্রিট হেইল লিভারি ইমপ্রুভমেন্ট সারচার্জ।** 1 জানুয়ারি, 2015 তারিখ থেকে শুরু করে, প্রতিটি ট্রিপে $.30 সারচার্জ যোগ করা হয়েছে।

**Summary Suspension.** This occurs when a TLC License is suspended before a hearing is held on the violation.

**সাময়িক স্থগিতকরণ।** লঙ্ঘন সংশ্লিষ্ট শুনানি অনুষ্ঠিত হওয়ার আগে সেই টিএলসি লাইসেন্স স্থগিত করা হয়।

**Taxi and Limousine Commission (TLC).** An agency that oversees taxi and for-hire service in New York City.

**ট্যাক্সি ও লিমুজিন কমিশন (টিএলসি)।** New York City (নিউ ইয়র্ক সিটি)-তে ট্যাক্সি এবং ভাড়ারগাড়ি পরিষেবার তত্ত্বাবধানকারী একটি এজেন্সি।

**Taxi and Limousine Tribunal at OATH (Taxi and Limousine Tribunal).** This tribunal has jurisdiction over violations of title 19 (chapter 5 of the administrative code), violations of Commission Rules, and review of the fitness of an Applicant or a Licensee to hold a License.

**OATH-এ ট্যাক্সি ও লিমুজিন ট্রাইব্যুনাল (ট্যাক্সি ও লিমুজিন ট্রাইব্যুনাল)।** টাইটেল 19 (প্রশাসনিক কোডের অধ্যায় 5)-এর লঙ্ঘন, কমিশনের নিয়মনীতির লঙ্ঘন এবং লাইসেন্স ধারণ করার জন্য আবেদনকারী বা লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির যোগ্যতা পর্যালোচনা করার ব্যাপার এই ট্রাইব্যুনালের এখতিয়ারে রয়েছে।

**Taxi stand.** A place where taxicabs are authorized by the NYC Department of Transportation or a transportation terminal operator to line up and wait for customers.

**ট্যাক্সি স্ট্যান্ড।** এমন একটি জায়গা যা ট্যাক্সিক্যাবগুলিকে NYC পরিবহন বিভাগ বা একটি ট্রান্সপোর্টেশন টার্মিনাল যা অপারেটার কর্তৃক গ্রাহকদের জন্য লাইনে দাঁড়ানোর এবং অপেক্ষা করার জন্য অনুমোদিত।

**Taxicab.** A yellow vehicle with a medallion affixed that can carry up to five passengers and is authorized to accept hails.

**ট্যাক্সিক্যাব।** মেডালিয়ন যুক্ত একটি হলুদ গাড়ি যা পাঁচজন পর্যন্ত যাত্রী বহন করতে পারে এবং হেইল গ্রহণের জন্য অনুমোদিত।

**Taxicab Identification Braille Plaque.** A plaque is required to be attached inside of a taxicab that identifies in Braille the medallion number, the word COMPLAINTS, and a telephone number.

**ট্যাক্সিক্যাব আইডেন্টিফিকেশন ব্রেইল প্লাক।** ট্যাক্সিক্যাবের ভিতরে একটি ব্রেইলের প্লাক লাগানো প্রয়োজন যাতে মেডালিয়ন নম্বর, 'অভিযোগ' শব্দটি এবং একটি টেলিফোন নম্বর উল্লেখ করা থাকে।

**Taxicab Improvement Fund.** A city-managed fund that makes payments to medallion owners, agents, and drivers for purchasing or operating an accessible taxicab, and funds the Accessible Dispatch program. The fund comes from the Taxi Improvement Surcharge, which is 30 cents per trip since January 1, 2015.

**ট্যাক্সিক্যাব ইমপ্রুভমেন্ট ফান্ড।** সিটি-পরিচালিত একটি তহবিল যা মেডালিয়ন মালিক, এজেন্ট এবং চালকদের অ্যাক্সেসযোগ্য ট্যাক্সিক্যাব কেনা বা পরিচালনা করার জন্য পেমেন্ট করে এবং অ্যাক্সেসযোগ্য ডেসপ্যাচ প্রোগ্রামের জন্য তহবিল গঠন করে। এই তহবিলটি ট্যাক্সি ইমপ্রুভমেন্ট সারচার্জ কর্তৃক গঠিত হয় যা 1 জানুয়ারি, 2015 তারিখ থেকে প্রতি ট্রিপে 30 সেন্টহিসেবে ধার্য করা হয় ।